ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-২৭৯৭</u>
আগরতলা,৯ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘বিলোনীয়া হাসপাতালে অক্সিজেন প্ল্যান্টের বড় সিলিন্ডার অচল, রক্তচাপ মাপার যন্ত্রেরও ঘাটতি,’’এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় আজ (৯ সেপ্টেম্বর, ২০২৫) প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, বিলোনীয়া মহকুমা স্বাস্থ্য আধিকারিকের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, বিলোনীয়া মহকুমা হাসপাতালের লিক্যুইড মেডিক্যাল অক্সিজেন প্ল্যান্টের ট্যাংক গত ১৮ ফেব্রুয়ারি ২০২৫ থেকেই খালি রয়েছে। এবিষয়ে বিলোনীয়া মহকুমা হাসপাতালে লিক্যুইড মেডিক্যাল অক্সিজেন প্ল্যান্টে রিফিলিং করার জন্য উদ্যোগ নেওয়া হয়। কিন্তু তাতে রোগীদের অক্সিজেন প্রদানে কোনো ব্যাঘাত ঘটেনি, অক্সিজেন সিলিন্ডার ও কনসেনট্রেটর এর মাধ্যমে পরিষেবা দেওয়া হচ্ছিল।

এদিকে এটা সত্য নয় যে বিলোনীয়া মহকুমা হাসপাতালে পর্যাপ্ত বি.পি মেশিন নেই, বর্তমানে বিলোনীয়া মহকুমা হাসপাতালে মোট ২৩ টি বি.পি মেশিন (৪টি স্ট্যান্ড বি.পি মেশিন, ১৭টি মেনুয়্যাল মার্কারি বি.পি মেশিন এবং ২টি ডিজিট্যাল বি.পি মেশিন) রয়েছে। এগুলি ইমার্জেন্সিতে-২টি, পুরুষ ওয়ার্ডে-১টি, মহিলা ওয়ার্ডে-১টি, মেটারনিটি ওয়ার্ডে-২টি, পেডিয়াট্রিক ওয়ার্ডে-১টি, ব্লাড ব্যাঙ্কে-২টি, এমসিএইচ ক্লিনিকে-১টি, ওপিডি ডক্টর্স রুমে-২টি, এনসিডি ক্লিনিকে-২টি, হোমিও ওপিডি-তে-২টি, আয়ুর্বেদ ওপিডি-তে-৫টি এবং পোস্ট অপারেটিভ ওয়ার্ডে- ২টি রয়েছে।

*****